

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী :

সভাপতি : রিনা ইসলাম
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ।
তারিখ : ১৮-১১-২০২২ খ্রি:
সময় : দুপুর ১২:০০ টা হতে দুপুর ০১:১৫ টা।
স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের কক্ষ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সভা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ১. উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ষক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পে ফ্যাশান ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেডে ২ শিফটে প্রতি ট্রেডে ৫০ জন করে মোট ১০০ জন প্রশিক্ষার্থী নারী রয়েছে এবং প্রশিক্ষণ চলমান আছে। প্রশিক্ষণের পাশাপাশি তাদেরকে বিভিন্ন সচেতনতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষণ সমাপ্ত করার পর যেন তারা বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে উদ্যোক্তা হতে পারে সে বিষয়ে নারীদেরকে অনুপ্রাণিত করা হয়। ২. ডিডারিউবি কার্যক্রমে ২০২৩-২০২৪ চক্রে ১০টি ইউনিয়নে মোট ১৩৩ জন উপকারভোগী সরকারের বাস্তবায়ন নীতিমামালা অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে বাছাই প্রক্রিয়া চলছে। প্রকৃত উপকারভোগী কর্মসূচিতে যাতে অন্তর্ভুক্ত হতে পারে সে বিষয়ে সকলের দৃষ্টি রাখার জন্য উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান। ইউনিয়ন পর্যায় হতে প্রাথমিক তালিকা পাওয়া যায়নি। তালিকা প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। ৩. মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় মা ও শিশুর স্বাস্থ্য পরিচর্যা ও গুটি বিষয়ক প্রশিক্ষণ ইউনিয়ন পর্যায় চলছে। ৪. আগামী ২৫শে নভেম্বর হতে ১০ ডিসেম্বর/২২ পর্যন্ত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও ০৯ ডিসেম্বর/২২ বেগম রোকেয়া দিবস উদযাপন উপলক্ষে জয়িতাদের সংবর্ধনা প্রদান করা হবে উপজেলা পরিষদ হলরুমে। সকলকে অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো হলো। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।	১. চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে তালিকা উপজেলায় প্রেরণ করতে হবে। অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকতে হবে। বেগম রোকেয়া দিবস উদযাপন অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকতে হবে। আন্তর্জাতিক প্রতিরোধ পক্ষের প্রতিপাদ্য বিষয় বহল প্রচারের ব্যবস্থা করবেন।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লৌহজং। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ও স্থায়ী কমিটির সকল সদস্য। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ও স্থায়ী কমিটির সকল সদস্য

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Rinam
১৮/১১/২২
(রিনা ইসলাম)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, লৌহজং ও
সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
লৌহজং, মুন্সীগঞ্জ।
তারিখ : ১৮-১১-২০২২ খ্রি:

Rinam
১৮/১১/২০২২

আরাধনা রানী কর্মকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও
সদস্য সচিব
মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
লৌহজং, মুন্সীগঞ্জ

স্মারক নং ৩২.০১.৫৯৪৪.০০০.১৬.০০১.২০১৭. ২৩৮(ক)
সদয় অবগতির জন্য অনুলিপি:
১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং, মুন্সীগঞ্জ।
৩. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
৪. অফিস কপি।